

















আগরতলায় উমাকান্ত স্কুলে গণনা পর উপনির্বাচনে জয়ী ৬ আগরতলা কেন্দ্রের কংগ্রেস প্রার্থী সুদীপ রায় বর্মণ এবং ৮ টাউন বড়দোয়ালী কেন্দ্রের বিজেপির জয়ী প্রার্থী তথা মুখ্যমন্ত্রী ডা. মানিক সাহা শুভেচ্ছা বিনিময় করেন। ছবি : নিজস্ব

উপনির্বাচনে বিজেপির জয়জয়াকার ১০ আসনের মধ্যে ৫টিতে ফুটল পদ

নয়া দিল্লি, ২৬ জুন (ই.স.) : উপনির্বাচনে বিজেপির জয়জয়াকার। দেশের মোট ১০ আসনের উপনির্বাচনের মধ্যে ৫টিতে বিজেপির দখল। ২টি আসনে জিতল কংগ্রেস। একটি করে আসন জিতল আম আদমি পার্টি, শিরোমণি অকালি দল (অমৃতসর) এবং ওয়াইএসআর কংগ্রেস। যেকোন রাজ্যে জয় পাওয়াটা বিজেপির জন্য প্রেসিডেন্ট ইন্স ছিল, সেই দুটি রাজ্যেই জয় পেয়েছে বিজেপি।

উপনির্বাচনের জয়ের উল্লাস তেলিয়ামুড়ায় বিজেপি কর্মীদের মধ্যে

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৬ জুন। উপনির্বাচনের জয়ের উল্লাসে ভাসল তেলিয়ামুড়া। উপনির্বাচনের ৪টি আসনের মধ্যে বিজেপি তিনটিতে জয়ী হওয়ার আনন্দে মাতোয়ারা হয়ে উঠল ২৮ তেলিয়ামুড়া বিধানসভা কেন্দ্রের তেলিয়ামুড়া মন্ডলের কার্যকর্তা সহ যুব মোর্চার কর্মী-সমর্থকরা।

গভীর রাতে বাগমায় নির্বাচনোত্তর সন্ত্রাস

নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ২৬ জুন। উপনির্বাচনের ফলাফল ঘোষণার পর থেকেই রাজ্যের রাজধানী আগরতলা সহ বিভিন্ন এলাকায় সন্ত্রাসী হামলা অব্যাহত। আজ উদয়পুর রাধাকিশোরপুর থানার অন্তর্গত বাগমা আউট পোস্টের কড়াইয়ামোড়া বনিক টোমুহনী এলাকায় একদল দুষ্কৃতী রাস্তার পাশে দাড়িয়ে থাকা টি আর জিরো থ্রি-এইচ-৪৮৯৪ নাম্বারের একটি বাইকে আগুন পুড়িয়ে দেয়।

বিধায়ক বৃষকতু দেববর্মার উপর হামলা, গাড়ি ভাঙচুর

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ জুন। আজ ধলাই জেলার অধীনে সুরমা বিধানসভা কেন্দ্রে খেঁচে আগরতলায় ফেরার সময় বিজেপি থানা নেতা এবং বিধায়ক বৃষকতু দেববর্মার উপর হামলা করা হয়েছে।

মুন্সিয়াকামীতে বিস্তর পরিমাণ কাঠ বাজেয়াপ্ত

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৬ জুন। বনদপ্তরের কর্মীরা গোপন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে রবিবার সকালে মুন্সিয়াকামি থানাধীন জুমবাড়ির গভীর জঙ্গল থেকে প্রচুর পরিমাণে কাঠ সহ ৬টি বাইসাইকেল বাজেয়াপ্ত করে।

নুনাছড়া এডিসি ভিলেজে টিএসআরের সিভিক অ্যাকশন প্রোগ্রাম

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৬ জুন। নিজেদের কর্ম-ব্যস্ততার মাঝেও সময় বের করে ত্রিপুরা স্টেট রাইফেলস বাহিনীর ১২ নং উদ্যোগ মুন্সিয়াকামী ব্লকের অধীনে নুনাছড়া এডিসি ভিলেজে হাম পাইলা রিয়াজ পাড়ায় এক সিভিক অ্যাকশন এবং স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয় রবিবার।

রেশন দোকান নিম্নমারে সামগ্রী সরবরাহের অভিযোগ

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৬ জুন। সরকারি ন্যায্যমূল্যে রেশন দোকান থেকে রেশনের ভোক্তাদের মধ্যে অন্ত্যস্ত নিম্নমানের কেউরি পোকা এবং জট ধরা চাল দেওয়ার অভিযোগ তুলেছে রেশন ভোক্তারা।



৪৬ সুরমা বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে জয়ী বিজেপি প্রার্থী স্বপ্না দাস (পাল) দলীয় কর্মীদের নিয়ে বিজয়ী উল্লাসে মেতে উঠেন। ছবি : নিজস্ব

উপনির্বাচনে যুবরাজনগরে জয়ী বিজেপি প্রার্থী মলিনা দেবনাথ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ জুন। ত্রিপুরায় উপনির্বাচনে যুবরাজনগর বিধানসভা কেন্দ্রে বিজেপি প্রার্থী মলিনা দেবনাথ জয়ী হয়েছেন। তিনি প্রায় ৪৫২ ভোটের ব্যবধানে তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী শৈলেন্দ্র চন্দ্র দেবনাথকে পরাজিত করেছেন।

বিলোনীয়া কংগ্রেস ভবন ও সমন্বয় কমিটির কার্যালয়ে ভাঙচুর

নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ২৬ জুন। দুষ্কৃতীদের দ্বারা নাশকতার আওতনে পুড়লো বিলোনীয়া কংগ্রেস ভবন এবং বিলোনীয়া সমন্বয় কমিটির কার্যালয়।

তেলিয়ামুড়ায় লেলিনের মূর্তি বিকৃত করে দিল দুষ্কৃতিকারীরা

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৬ জুন। দার্শনিক লেলিনের মর্ম মূর্তির চেহারা বিকৃত করে দিল দুষ্কৃতিকারীরা।

চার কেন্দ্রে দলগুলির ভোটের সংখ্যা
৬- আগরতলা
বিজেপি-১৪২৬৮, সিপিআইএম-৬৮০৮, তৃণমূল কংগ্রেস- ৮৪২, কংগ্রেস-১৭৪৩১, এসইউসিআই-১৬২, নির্দল-১৮৯, নোটা-৪১১
৮- টাউন বড়দোয়ালী
বিজেপি-১৭১৮১, ফরওয়ার্ড ব্লক-৩০৭৬, তৃণমূল কংগ্রেস- ৯৮৬, কংগ্রেস-১১০৭৭, এসইউসিআই-১৩২, নির্দল-১৬৫, নোটা-৩৩০
৫৭- যুবরাজনগর
বিজেপি-১৮৭৬৯, সিপিআইএম-১৪১৯৭, তৃণমূল কংগ্রেস- ১০৮০, কংগ্রেস-১৪৪০, নির্দল-৩৩৫, নোটা-৩৯৪
৪৭- সুরমা
বিজেপি-১৬৬৭৭, সিপিআইএম-৮৪১৫, তৃণমূল কংগ্রেস- ১৩৪১, নির্দল-১২০৯৪, নির্দল-৪৬৯, নোটা-৩৯৩



৫৭ যুবরাজনগর কেন্দ্রের বিজেপির বিজয়ী প্রার্থী মলিনা দেবনাথ দলের নেতা কর্মীদের সাথে। ছবি : নিজস্ব

স্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনোবে প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।